

২০১৯

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

দ্বিতীয় পত্র : BNGH-CC-T-II

(বাংলা সাহিত্যের ইতিহাস ও বাংলা ভাষাতত্ত্ব-২য় ভাগ)

পূর্ণমান : ৬০

সময় : ২ ½ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০
- ক) বঙ্গাক্ষরে বাংলা গদ্যসাহিত্যের প্রথম মুদ্রিত মৌলিক গ্রন্থ কোনটি? কার লেখা?
- খ) নাটক আখ্যানে রূপান্তরিত হয়েছে, বিদ্যাসাগরের এমন দু'টি অনুবাদ গ্রন্থের নাম লেখো।
- গ) 'দিগদর্শন' পত্রিকার প্রকাশ সাল কত? এটি কোথা থেকে প্রকাশিত হয়েছিল?
- ঘ) 'ভক্তপ্রসাদ' চরিত্রটি মধুসূদন দত্তের কোন্ রচনায় আছে? এ জাতীয় আর একটি রচনার নাম লেখো।
- ঙ) 'অর্কেষ্ট্রা' কাব্যগ্রন্থটির প্রকাশকাল লেখো। এটি কে লিখেছিলেন?

[পরের পাতায়]

- চ) একটি অন্যান্য সমীভবনের উদাহরণ দাও।
- ছ) 'লুঙ্গি' ও 'ঘুঘনি' শব্দ দু'টি কোন্ ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
- জ) উইলিয়াম কেরির ব্যাকরণ গ্রন্থটির নাম কী? এটি কত সালে প্রকাশিত হয়েছিল?
- ঝ) দু'জন বাঙালি অভিধানকারের নাম ও তাঁদের লেখা দু'টি অভিধানের নাম লেখো।
- ঞ) রাম > আম — এই ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যটি বাংলা ভাষার কোন্ উপভাষায় দেখা যায়?
- ট) রবীন্দ্রনাথ ঠাকুরের দু'টি রূপক-সাংকেতিক নাটকের উদাহরণ দাও।
- ঠ) ভ্রমণকাহিনীর রীতিতে রচিত শরৎচন্দ্রের শ্রেষ্ঠ উপন্যাস কোনটি? এই উপন্যাসের একটি চরিত্রের নাম লেখো।
- ড) 'ভাববার কথা' প্রবন্ধ-গ্রন্থটি কার লেখা? এটি কত সালে প্রকাশিত হয়েছিল?
- ঢ) 'নীলদর্পণ' ও 'নবান্ন' নাটক দু'টির নাট্যকারের নাম লেখো।
- ণ) 'শ্রীশ্রী সিদ্ধেশ্বরী লিমিটেড' গল্পটি কার লেখা? লেখকের ছদ্মনাম কী ছিল?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- ক) সতীনাথ ভাদুড়ীর রাজনৈতিক উপন্যাস সম্পর্কে সংক্ষেপে বুলিয়ে দাও।

- খ) বাংলা সাময়িকপত্রের ইতিহাসে 'বঙ্গদর্শন' পত্রিকার গুরুত্ব আলোচনা করো।
- গ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি লেখো।
- ঘ) বরেন্দ্রী উপভাষার পাঁচটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।
- ঙ) বিজন ভট্টাচার্যের নাট্যপ্রতিভা সংক্ষেপে আলোচনা করো।
- চ) বাংলা কাব্যকবিতার ধারায় জীবনানন্দ দাশের অবস্থানটি সুস্পষ্ট করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- ক) ছোটগল্পকার হিসেবে রবীন্দ্রনাথের অবদান বুঝিয়ে দাও।
- খ) ঈশ্বর গুপ্তকে যুগসন্ধির কবি বলা কতটা সঙ্গত — বিচার করো।
- গ) ভাষা পরিকল্পনার স্বরূপ আলোচনা করে তার সাধারণ উদ্দেশ্যগুলি লিপিবদ্ধ করো।
- ঘ) ঐতিহাসিক ও পৌরাণিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্ব বিচার করো।